

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



PRESS RELEASE

বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্র সামরিক বাহিনীর মধ্যে অনুষ্ঠিত হচ্ছে 'ব্যাফেলো অনুশীলন'

ঢাকা, ৬ই ফেব্রুয়ারি -- বাংলাদেশ এবং যুক্তরাষ্ট্র সামরিক বাহিনীর মধ্যকার বার্ষিক ধারাবাহিক সামরিক প্রশিক্ষণের একটি 'ব্যাফেলো অনুশীলন' নামে পরিচিত। বিগত বেশ কয়েক বছর ধরেই এই অনুশীলন চলে আসছে। চলতি বছর এ ধরনের চারটি অনুশীলন অনুষ্ঠিত হবে। এর মধ্যে দু'টি অনুশীলন অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্র সেনাবাহিনী ও বাংলাদেশ সেনাবাহিনীর মধ্যে এবং যুক্তরাষ্ট্র সেনাবাহিনী ও বাংলাদেশ রাইফেলস-এর মধ্যে। অন্যান্য 'ব্যাফেলো অনুশীলন'গুলো অনুষ্ঠিত হবে বাংলাদেশ বিমান বাহিনী এবং বাংলাদেশ নৌবাহিনীর সাথে।

'ব্যালাস ব্যাফেলো ০৮-১' নামে ২০০৮ সালের প্রথম 'ব্যাফেলো অনুশীলন' পুরো ফেব্রুয়ারি মাস জুড়ে সিলেটে অনুষ্ঠিত হবে। বাংলাদেশ সেনাবাহিনী এবং যুক্তরাষ্ট্র সেনাবাহিনীর মধ্যে অনুষ্ঠিতব্য এই যৌথ অনুশীলনে সামরিক বাহিনীর বিভিন্ন যৌথ কার্যক্রম এবং আন্তঃপরিচালনা বিষয়ে মনোনিবেশ করা হবে।

যুক্তরাষ্ট্র সামরিক বাহিনী এবং বাংলাদেশ সামরিক বাহিনীর মধ্যে অনুষ্ঠিত বহু যৌথ কার্যক্রমের একটি হচ্ছে এই প্রশিক্ষণ। এই দুই দেশের সামরিক বাহিনী মানবিক দ্রাণ সহায়তা ও চিকিৎসা প্রশিক্ষণে যৌথভাবে কাজ করেছে এবং একই সাথে বিমান ও নৌ প্রশিক্ষণেও অংশ নিয়েছে।

=====

জিআর/ ২০০৮

দ্রষ্টব্য: এই নিবন্ধের ইংরেজি ভাষা 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষাটি পেতে আগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: DhakaPA@state.gov এবং ওয়েবসাইট: dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।